

**RABINDRA BHARATI UNIVERSITY**  
**VOCAL MUSIC DEPARTMENT**

COURSE - B.A. ( Compulsory Course ) (CBCS) 2020

Semester - II , Paper - I

Teacher - Sri Partha Pratim Bhowmik

**History of Western Music**

**1) Short life sketches.**

**D) Luduig Van Beethoven**

জার্মান সঙ্গীতরচয়িতা Luduig Van Beethoven ছিলেন অষ্টাদশ শতাব্দীর ক্লাসিক্যাল সঙ্গীতধারা এবং পরবর্তী রোমান্টিক যুগের সঙ্গীতধারার মধ্যে সমন্বয়কারী সঙ্গীতস্রষ্টা। তাঁর রচিত সঙ্গীতসমূহে যন্ত্রসঙ্গীত, বিশেষত Symphony গুলি উল্লেখযোগ্য অবদান রেখেছে।

Luduig-এর জন্ম হয়েছিল ১৭৭০ খৃষ্টাব্দের ১৭ই ডিসেম্বর, জার্মানির বন্ শহরে। তাঁর পিতা জোহান ভন বিঠোভেন এবং পিতামহ লুডুইগ ভন বিঠোভেন দুজনেই বন্ শহরের দরবারী সঙ্গীত শিল্পী ছিলেন। তাঁর মাতা মারিয়া অত্যন্ত ন্যায়পরায়ণা মহিলা ছিলেন। তাঁর পিতা তাঁকে সঙ্গীতের প্রাথমিক শিক্ষা প্রদান করেছিলেন। মাত্র ১২ বছর বয়সের মধ্যেই তিনি পিয়ানো, বেহালা ইত্যাদি বাদ্যযন্ত্র বাদনে দক্ষ হয়ে উঠেছিলেন এবং এর ফলে তিনি দরবারী অর্গান বাদকের পদের জন্য মনোনিত হয়েছিলেন। ১৭৮৩ খৃষ্টাব্দে ১৩ বছর বয়সে তাঁর প্রথম সঙ্গীত রচনা প্রকাশিত হয়েছিল।

১৭৮৬ খৃষ্টাব্দে তিনি Mozart-এর সহকারী রূপে কাজ শুরু করলেন। পাঁচ বছর পর তিনি বন্ পরিত্যাগ করে ভিয়েনাতে চলে গেলেন Joseph Haydn-এর কাছে শিক্ষা গ্রহণ করার জন্য। কিন্তু জনপ্রিয়তার কারণে

, সেই সময়ে Haydn-এর কাছে বেশি সময় ছিল না Luduigকে সাহায্য করার মতো। ভিয়েনাতে Luduig-এর প্রথম public performance ঘটল ১৭৯৫ খৃষ্টাব্দের মার্চ মাসে, তাঁর নিজেরই রচিত একটি piano concerto-র একক বাদক রূপে। নিজের রচিত প্রথম তিনটি piano sonata, তিনি উৎসর্গ করেছিলেন Haydn-এর নামে। একই সময় তিনি রচনা করেছিলেন অনেকগুলি নতুন সঙ্গীত, যেমন piano trio, violin sonata, string quartet ইত্যাদি। ভিয়েনাতে তখন Luduig-এর বেশকিছু অভিজাত সঙ্গীতরসিক শ্রোতা তৈরি হয়েছিল।

অষ্টাদশ শতাব্দীর শেষ দশকে Luduig-এর শ্রবণব্যর্থি ধরা পড়ল। একই মাসে ধরা পড়ল পেটের রোগ। ১৮০২ খৃষ্টাব্দে , চিকিৎসকরা নিদান দিলেন যে Luduig অচিরেই সম্পূর্ণ বধির হয়ে যাবেন। তিনি বিবাহ না করার সিদ্ধান্ত নিলেন। যদিও তার বন্ধুবর্গের সংখ্যা ছিল বিপুল, কিন্তু তিনি নিজেকে একা করে নিলেন। মানসিক যন্ত্রনার শিকার হয়ে তার আচরণে কখনো কখনো অস্বাভাবিকতা দেখা দিতে লাগল। যখন মঞ্চে উঠতেন সঙ্গীত পরিবেশনের জন্য তখন দর্শক শ্রোতাদের বিপুল করতালি তাঁকে স্পর্শ করত না; তিনি যেন সব কিছুকেই অগ্রাহ্য করছেন এবং নিজের সঙ্গীত ব্যতীত অন্য কোন দিকেই তাঁর মন নেই। ভিয়েনা শহরের কাছাকাছি গ্রামাঞ্চলে Luduig সাক্ষ্য ভ্রমণে যেতেন; সঙ্গে থাকত sketchbook, সেখানেই তাঁর সঙ্গীত চিন্তা গুলি লিখে রাখতেন, যার সাহায্যে পরবর্তীকালে তাঁর মেলোডি, হারমোনি এবং অন্যান্য যন্ত্রসঙ্গীত বাদনে পরিপাট্য সূচিত হতো।

১৮০০ খৃষ্টাব্দে Luduig তাঁর প্রথম Symphony প্রকাশ করেন। ১৮০২ খৃষ্টাব্দে হয় ২য় Symphony প্রকাশ। ১৮০৩ খৃষ্টাব্দে তিনি ৩য় Symphony প্রকাশ করেন এবং মহামান্য নেপোলিয়নকে উৎসর্গ করেন। এভাবেই ১৮১৪ খৃষ্টাব্দ পর্যন্ত Luduig-এর উল্লেখযোগ্য বহু সঙ্গীত রচনা সমাপ্ত হোল। এর মধ্যে ১৮০৬ থেকে ১৮০৮ খৃষ্টাব্দ পর্যন্ত সময়ে তিনি রচনা করেছিলেন বেশকিছু string quartet, overture, opera এবং তিনটি symphony।

বহু সমালোচক ও শ্রোতারা Luduig Beethoven কে নিপুণতম composer বলেই মনে করেন। তিনি পাশ্চাত্য সঙ্গীত পদ্ধতিতে symphony সঙ্গীতকে অত্যন্ত উচ্চ আসনে অধিষ্ঠিত করেছেন। এছাড়াও piano chamber music, string quartet, trio এবং sonata কেও কাঠামোগত ভাবে এবং প্রয়োগরীতির দিক থেকে উন্নততর করেছেন। symphony ও sonata-তে scherzo ( vigorous, playful composition ) ব্যবহার করে নতুন বৈচিত্র সৃষ্টি করেছেন। Orchestra এবং quartet বাদনেও কাঠামোগত বৈচিত্র সাধন করেছেন।

১৮০৮ খৃষ্টাব্দের মধ্যেই তিনি রচনা করেছেন অসংখ্য piano sonata, piano concerto, violin concerto এবং পাঁচটি symphony। piano ব্যবহারে Luduig অনন্যতার নজির গড়েছেন। সে সময়ে মঞ্চস্থ হওয়া chamber music, piano sonata - র সাহায্যেই পরিবেশিত হতো। Luduig-এর অন্তর্ভাবনার সরলতম বাহন হোল piano sonata গুলি। তাঁর রচিত piano sonata গুলির মধ্যে জনপ্রিয়তম হোল Moonlight sonata।

তাঁর কর্মকান্ডের মধ্যে রয়েছে ৯টি symphony, ৩২টি piano sonata, ৫টি piano concerto, ১০টি violin sonata, ১৭টি string quartet, একাধিক opera ও mass, এবং অসংখ্য chamber music। ১৮১৯ খৃষ্টাব্দে তিনি সম্পূর্ণ ভাবেই বধির হয়ে যান। সে অবস্থায়ও তাঁর সৃষ্টির কাজ থেমে থাকেনি। ১৮২৭ খৃষ্টাব্দের ২৬ শে মার্চ ভিয়েনাতে তাঁর জীবনাবসান ঘটে।